



সৌরেন্দ্র নাথ চক্রবর্তী

ভারপ্রাপ্ত সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

যোগদানের তারিখ : ৩০ জানুয়ারি ২০১৮

ফোন নম্বর : +৮৮০ ২ ৫৫০০৭৩৭৩

ফ্যাক্স নম্বর : +৮৮০ ২ ৫৫০০৭৩৭৫

ইমেইল ঠিকানা : secy@sid.gov.bd, sauren.chak@gmail.com

জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী ৩০ জানুয়ারি ২০১৮ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ভারপ্রাপ্ত সচিব পদে যোগদান করেন। তিনি ১৯৬১ সালের নওগাঁ জেলার বদলগাছী উপজেলার এক সম্ভ্রান্ত ও ঐতিহ্যবাহী পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ব্রজেন্দ্র নাথ চক্রবর্তী ও মাতা সবিতা চক্রবর্তী।

জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ হতে বিএ (অনার্স) সহ মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। এছাড়াও তিনি একই বিশ্ববিদ্যালয় হতে এল. এল. বি. ডিগ্রি অর্জন করেন।

বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ১৯৮৫ ব্যাচের (৭ম ব্যাচ) কর্মকর্তা জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী ১৫ ফেব্রুয়ারি ১৯৮৮ তারিখে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরায় যোগদানের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। তারপর তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভূমি), প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট, উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী জেলার জেলা প্রশাসক, ঢাকা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনারসহ মাঠ পর্যায়ের বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। মাঠ পর্যায়ে তাঁর বৈচিত্র্যময় কর্মজীবনে তিনি মাগুরা, রংপুর, পঞ্চগড়, কিশোরগঞ্জ, নড়াইল, নারায়ণগঞ্জ, রাজশাহী ও ঢাকা জেলায় বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত সচিব পদে যোগদানের পূর্বে তিনি অতিরিক্ত সচিব হিসেবে স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগে কর্মরত ছিলেন। এছাড়াও তিনি ইউএনডিপি'র অর্থায়নে বাস্তবায়নধীন উপজেলা গভার্নেন্স প্রজেক্ট (UZGP) শীর্ষক প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক (NPD) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি স্থানীয় সরকার বিভাগেও যুগ্মসচিব হিসেবে দায়িত্ব পালন করেন। জেলা প্রশাসক হিসেবে রাজশাহী জেলায় দায়িত্ব পালনের পূর্বে তিনি সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের পরিচালক (উপসচিব) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবেও দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি কাজে বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা, সভায় অংশগ্রহণের জন্য এশিয়া, ইউরোপ এবং আমেরিকা মহাদেশের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

বক্তৃগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক।